# লাগামছাড়া ওষুধের দামে নিয়ন্ত্রণ বাড়ানোর ভাবনা

কেন্দ্রীয় ভেষজ-মূল্য নিয়ন্ত্রক সংস্থা 'ন্যাশনাল ফার্মাসিউটিকাল প্রাইসিং অথরিটি' বা NPPA ভারতের সব রাজ্য সরকারগুলিকে ৫টি ওষুধ কোম্পানীর বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করতে বলেছে কারণ তারা কেন্দ্রীয় নিয়ন্ত্রকের মূল্য-অনুমোদন ছাড়াই কয়েকটি ব্র্যান্ড ওষুধ বাজারে বিক্রি করছে । অভিযুক্ত ওই পাঁচটি কোম্পানী হল -- অ্যালেম্‌বিক, ক্যাডিলা হেল্‌থকেয়ার , ওকহার্ট, লুপিন এবং মেড্‌লে ফার্মাসিউটিকালস্‌ । এদের মধ্যে সর্বাপেক্ষা বেশি অভিযোগ ক্যাডিলা'র বিরুদ্ধে, যারা ৩০টি ওষুধের ক্ষেত্রে বিধি লঙ্ঘন করেছে । আরো ২৫টি ওষুধ বেআইনিভাবে বেশি দামে বিক্রি করার জন্য NPPA 'ক্যাডিলা হেল্‌থকেয়ার'-কে অতিরিক্ত নেওয়া অর্থমূল্য ক্রেতাদের ফিরিয়ে দিতে নির্দেশ দিয়েছে ।

এছাড়াও মূল্য নিয়ন্ত্রক সংস্থা NPPA ৯০০টি ব্র্যান্ড ওষুধের তালিকা তৈরি করেছে যেগুলির উৎপাদকরা ওই ওষুধগুলির দাম কম রাখার প্রতিশ্রুতি দিয়েও বেশি দামে বাজারে ছেড়েছে । সংস্থা দেশীয় ওষুধ-নীতিতে কিছু সংশোধনের প্রস্তাবও রেখেছে , যেমন -- সমস্ত অত্যাবশ্যকীয় ওষুধের মূল্যের ওপর নিয়ন্ত্রণের মাত্রা বাড়ানো , আদালতে মামলা চালানোর সময়-সাপেক্ষ প্রক্রিয়ার বদলে নিয়ম লঙ্ঘনকারী কোম্পানীদের ওপর সরাসরি জরিমানা ধার্য করার বিধি চালু করা , ইত্যাদি । সংস্থার এই সমীক্ষা ও প্রস্তাবনার প্রতিক্রিয়ায় ভারত সরকারের 'রাসায়নিক ও সার' মন্ত্রক নড়েচড়ে বসেছে ; এবং ৩০ এপ্রিল '০৮ দপ্তরের মন্ত্রীরা এক উচ্চ পর্যায়ের মিটিং-এ বসেন ওষুধের মূল্য নিয়ন্ত্রণে ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের জন্য ।

সংবাদ সূত্র : দি ইকনমিক টাইম্‌স , নিউ দিল্লী , ২৩.৪.০৮